শিক্ষক মিলনকে নিয়ে নিন্দার ঝড়

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামের অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা আব্দুল বাকীর ছেলে ও কুলবাড়ীয়া শহীদ হারেজ উদ্দীন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবু আব্দুল্লাহ (মিলন) পুনরায় মাদক ব্যবসার দায়ে আটক হওয়ায় নিন্দার ঝড় বইছে।

উপজেলায় চলছে আলোচনা-সমালোচনা এরকম শিক্ষক জাতীর জন্য কলঙ্ক বলেও নিন্দা প্রকাশ করেন বিভিন্ন সচেতন মহল।

জানাগেছে, গেলো ১৪ ডিসেম্বর শনিবার বিকেলে দেবীপুর গ্রামের একটি বাশঁবাগান ভারতীয় অবৈধ ফেন্সিডিল বিক্রয় করার সময় ৬০ বোতল ফেন্সিডিলসহ আবু আব্দুল্লাহ মিলন (৪০)কে আটক করে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের একটি দল।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, শনিবার বিকেল সাড়ে ৫ টার দিকে আবু আব্দুল্লাহ (মিলন) ফেনসিডিল বিক্রির উদ্দেশ্যে দেবীপুর গ্রামের খেজমত আলীর বাঁশবাগানের নিচে অবস্থান করছিল।

গোপন সংবাদের ভিত্তিতে জেলা ডিবি পুলিশের এস আই মিরজাহুর রহমান ও এএস আই মাহাতাব সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান চালায়। অভিযানে তাকে আটক করা হয়। পরে আবু আব্দুল্লাহ (মিলন) এর কাছ থেকে ৬০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। তার নামে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ ধারা-৩৬(১) এর ১৪(গ)/৪১একটি মামলা হয়েছে। এজাহারে অভিযুক্ত মামলা নম্বর ১৩/২৮২ তারিখ-১৪/১২/২০১৯ইং ।

অপরদিকে গাংনী থানা সূত্র জানায় গাংনী উপজেলার দেবীপুর গ্রামের অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা আব্দুল বাকীর ছেলে ও কুলবাড়ীয়া শহীদ হারেজ উদ্দীন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবু আব্দুল্লাহ (মিলন) মাদক ব্যবসার দায়ে আটক হয়। এর আগেও মাদক মামলায় এজাহারে অভিযুক্ত ২০১৮ সালের ২৪ ডিসেম্বর রাতে তাকে আটক করে। গাংনী থানার এফ আই আর নং ১১ তারিখ-২৫ ডিসেম্বর ২০১৮। ১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনের ধারা-১৯(১)এর ৩(ক)/১৯ (৪)। হাজত থেকে জামিনে এসেও মাদক ব্যবসা চালিয়ে গেছেন বলেই মন্তব্য করছেন অনেকেই।

সরেজমিনে তার কর্মস্থল থেকে জানাযায়, ২০১৮ সালে মাদকসহ আটক হলেও সে জামিনে এসে বিদ্যালয়ে যোগদান করে। বিদ্যালয়ের শিক্ষক হাজিরা খাতায় জানুয়ারী ১ তারিখ থেকে ২৪ তারিখ পর্যন্ত সাইনের স্থান ফাকা রেখে ২৬ তারিখ থেকেই হাজিরা খাতায় স্বাক্ষর করা হয়েছে। তৎকালীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জেসের আলীর ১৭/০২/১৯ইং তারিখে স্বাক্ষরিত একটি অফিস আদেশে বলা হয়েছে ৩১ ডিসেম্বর ২০১৮ইং তারিখে আটক হওয়ার কথা বলা হয়েছে।

চুড়ান্ত প্রতিবেদ না হওয়া পর্যন্ত সকল কার্যক্রম পরিচালনা করতে পারবে। সেই অফিস আদেশ হাজিরা খাতার শেষের পাতায় রাখা হয়েছে। মাদকসহ হাতেনাতে আটক হওয়ার পরেও তখনই কেনো কোন ব্যবস্থা গ্রহন করা হয়নি এবিষয়ে কেউই কিছু বলতে পারেনি।

প্রধান শিক্ষক হারুন অর রশিদ বলেন আমি ঘটনা জানার পরেই অফিসারকে অবহিত করি। ইতোপূর্বে যখন আটক হয়েছিলো তখনই আমি শিক্ষা অফিসে জানিয়েছি তার বিরুদ্ধে যে কোন ব্যবস্থা নিতে পারে উপজেলা বা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।

উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) এহসানুল হাবিব জানান, আমি ঐ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মাধ্যমে ১৫ ডিসেম্বর জানতে পারি আমি তখনই জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অবহিত করতে পত্র প্রেরণ করেছি। পরবর্তিতে জেলা অফিস থেকে যে নির্দেশনা আসবে সেটাই বাস্তবায়ন করা হবে। তবে এটা খুবই লজ্জাজনক বিষয়। মাদকের বিরুদ্ধে সরকার কঠিন অবস্থানে আর একজন শিক্ষক সরকারী প্রতিষ্ঠানে চাকরী করে এরকম ঘৃণ্য কাজ কিভাবে করে?

- নিজস্ব প্রতিনিধি

প্রায় ১২বছর বন্ধ মেহেরপুর সোনালী ব্যাংকের আঞ্চলিক অফিস

মেহেরপুর সোনালী ব্যাংকের আঞ্চলিক অফিসের কার্যক্রম বন্ধথাকায় টাকা উত্তল ও জমা ছাড়া কোন সেবা সঠিক ভাবে পাচ্ছেনা গ্রাহকরা।

ঋণকার্যক্রম, ব্যবসায়ীক ঋণ, প্রকল্প ঋণ সহ যেকোন প্রকার মাঝারি ধরনের ঋণের জন্য চুয়াডাঙ্গা জেলার আঞ্চলিক কার্যলয়ের দারস্থ হতে হচ্ছে।

আর কার্যক্রম না থাকায় ঋনপ্রদান সহ ছোট খাটো কোন বিষয়ে সিদ্ধন্ত নিতে হলে ছুটতে হচ্ছে চুয়াডাঙ্গা আঞ্চলিত কার্যালয়ে। অথবা পত্র পাঠিয়ে দিনের পর দিন সিদ্ধান্তর জন্য আপেক্ষা করতে হচ্ছে। এতে ব্যাংকিং সেবা প্রদানের বিঘ্ন ঘটছে। আর গ্রহক হয়রানির সাথে সাথে ব্যাংকের সেবা প্রদানের মান ক্ষুন্ন হচ্ছে। এ দাবি সোনালী ব্যাংকের কর্মকর্তা ও গ্রাহকদের।

মেহেরপুর সোনালী ব্যাংক সূত্রে জানা যায় ১৯৮৪ সাল মেহেরপুর জেলার ৮ টি শাখা নিয়ে সোনালী ব্যাংকের নিজস্ব ভবনে আঞ্চলকি কায়লয়ে কার্যক্রম শুরুর হয়। কিন্তু ২০০৬ সালে তত্বাবধায়ক সরকারের সময় আঞ্চলিক কার্যলয়ের সহকারি মহা-ব্যবস্থাপক হিসাবে মুক্তিযোদ্ধা আব্দুল মান্নান কে দায়িত্ব দেওয়া হয়। এসময় সহকারী মহা-ব্যবস্থাপক হিসাবে দায়িত্বে থাকা আবু জাহাঙ্গীর তৎকালনি বিএনপি সমার্থিত সিবিএ সংগঠনের নেতাদের সাথে নিয়ে জোর করে তার পদ ধরে রাখেন।

এ বিষয়টি সমাধানের জন্য সোনালী ব্যাংকের খুলনা বিভাগীয় কার্যলয়কে জানালে খুলনা বিভাগীয় কার্যলয় ২০০৬ এর ৩০ নভেম্বর মেহেরপুরের আঞ্চলিক কর্যক্রম বন্ধ করে চুয়াডাঙ্গার সাথে যুক্ত করে দেয়। এর পর থেকে পর্যন্ত অবহেলায় নষ্ট হচ্ছে মেহেরপুর আঞ্চলিক কার্যলয়ের দ্বিতলা ভবন সহ আসবাব পত্র। ব্যাংকিং সেবা পেতেও গ্রাহকদের হয়রানির শিকার হতে হচ্ছে।

তৎকালিন আওয়ামীলীগ সমার্থিত সিবিএ নেতা আব্দুল হাকিম বলেন, সোনালী ব্যাংক থেকে ব্যবসায়ীক ঋণ, প্রকল্প ঋণ সহ যেকোন প্রকার মাঝারি ধরনের ঋওণর জন্য চুয়াডাঙ্গাতে দৌড়াতে হয়। দপ্তরিক কোন ফাইলে কোন প্রকার সামান্ন ক্রটি হলেও চুয়াডাঙ্গা আঞ্চলিক অফিসে দৌড়াতে হয়। অথবা পত্র দিয়ে সেই পত্রের অপেক্ষায় থাকতে হয়। ফলে দীর্ঘমেয়াদি প্রক্রিয়ার জটিলতায় সময় অপচয় হয়। ব্যবসাজনীত বিষয়ে ক্ষতির সম্মুখিন সহ প্রকল্প গ্রহণ নিধারিত সময়ে সম্ভব হয়ে উঠনা।

মেহেরপুরের ব্যবসায়ী ও সোনালী ব্যাংকের গ্রাহক সাইদুর হোসেন বলেন, একটি চক্রন্তকারী মহল সুপরিকল্পিত ভাবে সোনালী ব্যাংকের আঞ্চলিক কার্যলয়টি বন্ধ করে রেখেছে। বর্তমানে ব্যাংকের গ্রাহকদের

সুবিধা প্রদান ও ব্যাংকে বানিজ্য মুখি করে তোলার জন্য আঞ্চলিক আফিসটি দ্রুত স্থাপনের প্রয়োজন।

মেহেরপুর সোনালী ব্যাংকের প্রিন্সিপল অফিসার মো: কামাল হোসেন বলেন, উদ্ধতন কর্তৃপক্ষের অনুমতি ছাড়া এ বিষয়ে মন্তব্য করা সম্ভাব নয়।

অভিশংসিত হলেন ডোনাল্ড ট্রাম্প

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে ইমপিচমেন্ট প্রস্তাব সংখ্যাগরিষ্ঠ ভোটে অনুমোদিত হয়েছে মার্কিন।প্রতিনিধি পরিষদে। যুক্তরাষ্ট্রের ইতিহাসে তৃতীয় প্রেসিডেন্ট হিসেবে অভিশংসিত হলেন ডোনাল্ড ট্রাম্প।

প্রেসিডেন্ট ট্রাম্পকে ইমপিচ করতে যে পরিমাণ ভোট প্রয়োজন, হাউজ অব রিপ্রেজেন্টেটিভে প্রথম দুই অভিযোগের ভোট গণনায় ঐ পরিমাণ ভোট পড়েছে বলে জানানো হয়েছে।

তবে আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হবে কংগ্রেসের নিম্নকক্ষ হাউজ অব রিপ্রেজেন্টেটিভসের চেয়ারের অনুমোদন দেয়ার পর। তার বিরুদ্ধে দু’টি অভিযোগের ক্ষেত্রেই অভিশংসনের জন্য প্রয়োজনীয় সংখ্যক ভোট পড়েছে প্রতিনিধি পরিষদে। প্রথম অভিযোগের ক্ষেত্রে ২৩০ ভোট পড়েছে অভিশংসনের পক্ষে এবং ১৯৭ ভোট পড়েছে বিপক্ষে।

দ্বিতীয় অভিযোগের ক্ষেত্রেও প্রয়োজনীয় ২১৬ ভোটের বেশি সংখ্যক ভোট পড়েছে। ঐ অভিযোগে অভিশংসনের পক্ষে পড়েছে ২২৯ ভোট ও বিপক্ষে ১৯৮ ভোট। যুক্তরাষ্ট্রের ইতিহাসে মি. ট্রাম্প হলেন অভিশংসিত হওয়া তৃতীয় মার্কিন প্রেসিডেন্ট। এর ফলে এখন উচ্চকক্ষ সেনেটে মি ট্রাম্পের বিচার হবে – তবে সেনেটে যেহেতু রিপাবলিকান নিয়ন্ত্রিত তাই সেখানে এটি পাস হবার সম্ভাবনা প্রায় নেই।

তার বিরুদ্ধে অভিযোগ দুটি হলো, তিনি তার পদ ব্যবহার করে তার

ডেমোক্র্যাট রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী জো বাইডেনের বিরুদ্ধে তদন্ত করতে ইউক্রে ইউক্রেনের ওপর চাপ সৃষ্টি করতে চেষ্টা করেছিলেন, এবং দ্বিতীয়টি হলো অভিশংসনের তদন্তকাজে সহায়তা করতে অস্বীকার করে তিনি কংগ্রেসের কাজে বাধা সৃষ্টি করেছেন। সেনেটের বিচার অনুষ্ঠিত হবে জানুয়ারি মাসে।
সুত্র: বিবিসি বাংলা

মেহেরপুরে ১০ রাত ব্যাপি যাত্রা উৎসবের উদ্বোধন

মেহেরপুরে বিজয় দিবস উপলক্ষে ১০ রাত ব্যাপি যাত্রা উৎসবের উদ্বোধন করা হয়েছে।

জেলা প্রশাসনের আয়োজনে ও জেলা শিল্পকলা একাডেমীর বাস্তবায়নে বুধবার সন্ধায় মেহেরপুর ড. শহীদ সামসুজ্জোহা পার্কে এ যাত্রা উৎসবের উদ্বোধন করা হয় ।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আতাউল গনি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) তৌফিকুর রহমান, সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, পিপি পল্লব ভট্টাচার্য,

জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান প্রমুখ।

আজকের নাটক “দেবি সুলতানা” পরিচালক মশিউজ্জামান বাবু।

ভারত সফর শেষে মেয়র ও সচিবকে সংবর্ধনা প্রদান

মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজ রহমান রিটন ও সচিব তফিকুল আলম কে সংবর্ধনা দিয়েছে পৌর পরিষদ ও কর্মকর্তা-কর্মচারীরা। গতকাল বুধবার দুপুরে পৌরসভার কালাচাঁদ মেমোরিয়াল হলে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ভারতের দিল্লি ও রাজস্থানে ৪ দিনব্যাপী সিটি ওয়াইড ইনক্লুসিভ স্যানিটেশন বিষয়ক কর্মশালায় যোগ দেন পৌর মেয়র ও সচিব। প্রশিক্ষণ শেষে মেহেরপুর ফিরলে তাদের সংবর্দনা প্রদান ও অভিজ্ঞতা বিনিময় সভার আয়োজন করা হয়।

পৌর মেয়র মাহফুজুর রহমানের সভাপতিত্বে অভিজ্ঞতা ও মতবিনিময় সভায় বক্তব্য রাখেন পৌর সচিব তফিকুল আলম, প্র্যাকটিক্যাল এ্যকশন বাংলাদেশের প্রতিনিধি তানভীর আহমেদ, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন,জাফর ইকবাল, নুরুল হাসান রাজিব প্রমুখ। এর আগে পৌর মেয়র ও সচিব কে সংবর্ধনা জানানো হয়।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয় পরিদর্শনে এমপি খোকন

মেহেরপুরের গাংনী উপজেলার বাঁশবাড়ীয়াতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয়ে মহান বিজয় দিবস উপলক্ষে পিকনিকের আয়োজন করা হয়।
বুধবার দিনব্যাপী এ অনুষ্ঠানে বিভিন্ন ধরণের খেলা ধুলা মধ্যহ্ন

ভোজের অয়োজন ছিল।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি শেখ আনিছুজ্জামান লুইজের সভাপতিত্বে অনুষ্ঠান প্রধান অতিথি হিসেবে যোগ দেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মাদ সাহিদুজ্জান খোকন।

এসময় সংসদ সদস্য তিনি বলেন, প্রতিবন্ধীরা বিশেষ চাহিদা সম্পন্ন শিশু তাদের বিশেষ অধিকার রয়েছে। বিদ্যালয়টির প্রবেশ মুখে একটি রাস্তা দরকার। রাস্তাটি যাতে খুব দ্রুত নির্মান করা যায় সে ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা হবে। খুব তাড়াতাড়ি ব্যবস্থা করিবেন বলে কথা দেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার কাউসিলর ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয় পরিচালনা পরিষদ সদস্য মিজানুর রহমান (মদন), সদস্য ও আওয়ামীলীগ নেতা শেখ শামসছদ্দীন, সহ-সভাপতি লাইলা আজুমানা আরা শিলা, বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাজমুনন্নাহার,গাংনী উপজেলা ইট ভাটা মালিক সমিতি সভাপতি মনিরুজ্জামান আতু, তেঁতুলবাড়ীয়া ইউপি সাবেক চেয়ারম্যান ও গাংনী উপজেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সস্পাদক নাজমুল হুদা বিশ্বাস, আওয়ামীলীগ নেতা ওবাইদুর রহমান কমলসহ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী অভিভাবক শিক্ষক-শিক্ষিকা কর্মচারীরা উপস্থিত ছিলেন। পরে ছাত্র-ছাত্রী অভিভাবক শিক্ষক-শিক্ষকারা বিভিন্ন ধরনের খেলাধুলা অংশ গ্রহন করে।
-নিজস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গায় অজ্ঞাত বৃদ্ধার লাশ উদ্ধার

চুয়াডাঙ্গা সদর উপজেলার নয়মাইল নামক স্থান থেকে অজ্ঞাত (৬০) এক বৃদ্ধার লাশ উদ্ধার করা হয়েছে। ধারণা করা হচ্ছে বৃদ্ধা মানসিক ভারসাম্যহীন ছিলেন এবং সড়ক দূর্ঘটনায় তার মৃত্যু হয়েছে। মঙ্গলবার দিনগত রাত ১টার দিকে ওই নারীর লাশ উদ্ধার তরা হয়। তার পড়নে চা-

পাতি রঙের ছাপা শাড়ি ও ছাই রঙের সোয়েটার রয়েছে।
চুয়াডাঙ্গা সদর থানার ডিউটি অফিসার উপপরিদর্শক (এসআই) সুমন হোসেন জানান, মঙ্গলবার রাতে সদর থানা পুলিশের একটি টহল দল নয়মাইল এলাকার প্রধান রাস্তা থেকে গুরুতর জখম এক নারীকে উদ্ধার করে। তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে এলে হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
আরো পড়ুন: চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক অভিবাসী দিবস পালিত
সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. সোহরাব হোসেন জানান, সদর হাসপাতালে নিয়ে আসার আগেই ওই নারীর মৃত্যু হয়।
-চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক অভিবাসী দিবস পালিত

‘দক্ষ হয়ে বিদেশ গেলে, অর্থ সম্মান দুই-ই মেলে’ স্লোগান নিয়ে চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক অভিবাসী দিবস পালিত হয়েছে। দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে বুধবার সকালে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
সকালে জেলা প্রশাসকের কার্যালয় থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে ফিরে আসে। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
আরো পড়ুন: চুয়াডাঙ্গায় অজ্ঞাত বৃদ্ধার লাশ উদ্ধার
এতে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক ইয়াহ্ ইয়া খান। প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার। বিশেষ অতিথি ছিলেন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) অধ্যক্ষ কেএম মিজানুর রহমান। সভায় দক্ষ জনশক্তি হয়ে বিদেশে যাওয়ার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।
-চুয়াডাঙ্গা প্রতিনিধি

গাংনীর তেঁতুলবাড়িয়া সীমান্ত থেকে ১হজার ১০৩ বোতল ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলা তেঁতুলবাড়িয়া সীমান্ত এলাকা থেকে ১ হাজার ১০৩ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বিজিবি।
বুধবার সকাল ৭টার দিকে তেঁতুলবাড়িয়া সীমান্ত ক্যাম্পের হাবিলদার আবুল কাশেমের নেতৃত্বে বিজিবির একটি দল এ অভিযান পরিচালনা করেন। তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি ভারত থেকে ফেন্সিডিলের একটি বড় চালান আসছে। সে অনুযায়ী আমরা টহল জোরদার করি।
সকাল ৭টার দিকে তেঁতুলবাড়িয়া রাস্তার উপরে একটি আলগামন দেখে সেখানে তল্লাশি চালিয়ে করে ১ হাজার ১০৩ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। তবে বিজিবি সদস্যদের উপস্থিতি টের পেয়ে বহনকারীরা ফেন্সিডিল ফেলে পালিয়ে যায়।
- গাংনী প্রতিনিধি

ছাত্রলীগের কেন্দ্রীয় ৩২ নেতাকে অব্যাহতি

গঠনতন্ত্রবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকায় ও বিভিন্নভাবে বিতর্কিত ছাত্রলীগের ৩২ কেন্দ্রীয় নেতাকে অব্যাহতি দেয়া হয়েছে। এর মধ্যে ২১ জনকে বিভিন্ন অভিযোগের ভিত্তিতে ও ১১ জনকে আবেদনের পরিপ্রেক্ষিতে অব্যাহতি দেয়া হয়।

মঙ্গলবার রাতে ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি আল নাহিয়ান খান জয় ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য স্বাক্ষরিত এক সংবাদ

বিজ্ঞপ্তিতে এ তথ্য দেয়া হয়। শিগগির শূন্য পদগুলো পূরণ করা হবে বলে জানিয়েছেন ভারপ্রাপ্ত সভাপতি।

আবেদনের পরিপ্রেক্ষিতে অব্যাহতি পাওয়া ছাত্রলীগ নেতারা হলেন-সহসভাপতি : এসএম তৌফিকুল হাসান সাগর, আমিনুল ইসলাম বুলবুল, বিএম শাহরিয়ার হাসান, হাফিজুর রহমান, এসএম হাসান আতিক; স্বাস্থ্য সম্পাদক: শাহারিয়ার ফেরদৌস; উপস্বাস্থ্য সম্পাদক: রাতুল সিকদার, শাফিউল সাজিব; উপপ্রচার সম্পাদক: সিজাদ আরেফিন শাওন; উপপাঠাগার সম্পাদক: রুশী চৌধুরী; সহসম্পাদক আঞ্জুমানারা অনু।

গঠনতন্ত্রবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকা অব্যাহতি পাওয়া নেতারা হলেন- সহসভাপতি: তানজিল ভুঁইয়া তানভির, আরেফিন সিদ্দিক সুজন, আতিকুর রহমান খান, বরকত হোসেন হাওলাদার, শাহরিয়ার কবির বিদ্যুৎ, সাদিক খান, সোহানী হাসান তিথী, মুনমুন নাহার বৈশাখী, আবু সাঈদ (সাস্ট), রুহুল আমিন, রাকিব উদ্দিন, সোহেল রানা, ইসমাইল হোসেন তপু; দফতর সম্পাদক: আহসান হাবীব; ধর্ম সম্পাদক: তাজউদ্দীন; উপদফতর সম্পাদক: মমিন শাহরিয়ার, মাহমুদ আবদুল্লাহ বিন মুন্সী; উপসাংস্কৃতিক সম্পাদক: বিএম লিপি আক্তার, আফরিন লাবণী; সহ-সম্পাদক: সামিয়া সরকার, রনি চৌধুরী।
সূত্র: যুগান্তর